**Bhavan's Tripura Vidyamandir**
**1st Periodic Assesment : (2025-2026)**

**Class:- 10** — **Subject: Bengali**
**Time:- 2 Hours** — **Total : 50 Marks**
Name of the student : — Roll: Sec:

---

## ক-বিভাগ

**১। <u>নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ</u> ।** **১X৪=৪**

কোনো এক সময়ে ফ্রান্স এক সমুদ্র-যুদ্ধে লিপ্ত হয়েছিল। যুদ্ধ জাহাজে এক ক্যাপটেন ছিলেন। তাঁর এক সাহসী পুত্র ছিল। তার নাম ক্যাসাভিয়াঙ্কা। তার বয়স বারো বছর। ওই যুদ্ধে সে পিতার সঙ্গে যুদ্ধ জাহাজে গিয়েছিল। পিতা তাকে জাহাজের এক নির্দিষ্ট জায়গায় রেখে গিয়েছিলেন এবং বলেছিলেন, "আমি না-বলা পর্যন্ত তুমি এ স্থান ত্যাগ করবে না।"এ কথা বলে তিনি জাহাজের মধ্যে দাঁড়িয়ে যুদ্ধ চালাচ্ছিলেন। হঠাৎ শত্রু পক্ষের গুলি তার গায়ে লাগে এবং তিনি মারা গেলেন। কিন্তু পুত্র সে কথা জানত না ।শত্রুর কামানের আগুন জাহাজে লাগলো, আগুন দাউ দাউ করে জ্বলে ক্যাসাভিয়াঙ্কার নিকট পর্যন্ত গেল। নিকটে আগুন দেখেও সে ভয় পেলনা । সে শুধু মাঝে মাঝে চিৎকার করে বলল, "বাবা! আমি কি এখনো থাকবো? আপনি না বললে আমি তো এই জ্বলন্ত ডেক থেকে নড়তে পারছি না। কিন্তু মৃত পিতার আর আদেশ এলোনা। পুত্র আগুনে পুড়ে মারা গেল। সাহসী এবং পিতৃ ভক্ত ক্যাসাভিয়াঙ্কা এভাবে নিজের জীবন দিল।

অ) "তুমি এ স্থান ত্যাগ করবে না" --- এ কথা বলেছিলেন—--

(a) ক্যাসাভিয়াঙ্কার বন্ধুরা ক্যাসাভিয়াঙ্কাকে। (b) ক্যাসাভিয়াঙ্কার পিতা ক্যাসাভিয়াঙ্কাকে।
(c) জাহাজের যোদ্ধারা ক্যাসাভিয়াঙ্কাকে। (d) জাহাজের এক যাত্রী ক্যাসাভিয়াঙ্কার পিতাকে।

আ) মন্তব্য :-নিকটে আগুন দেখে সে ভয় পেল না কারণ:- (ক) সে খুব সাহসের ও পিতৃভক্ত ছিল।
কারণ :-(খ) কিছুক্ষণ পরে আগুন নিভে যাবে এ ধারণা তার ছিল।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক?

(a) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল। (b) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।
(c) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক। (d) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

ই) গল্পটির নীতিবাক্য হল --

(a) গুরুজনকে ভক্তি মহত্বের লক্ষণ (b) ভক্তি দেখাতে মৃত্যুবরণ করা বোকামি
(c) পিতার প্রতি অধিক ভক্তি দেখানো অনুচিত (d) মৃত্যুর পরিবর্তে ভক্তি মহত্ত্ব নয়

ঈ) নিম্নোক্ত শব্দের কোনটি দ্বৈত শব্দ?

(a) জাহাজ (b) দাউ দাউ (c) চিৎকার (d) আগুন।

**২। <u>ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো।</u>** **১X৬=৬**

(অ) আমি এর **<u>বিন্দু বিসর্গ</u>** জানিনা।
(আ) **<u>কেনাবেচা</u>** দরদামের কথা আমি বুঝিনা।
(ই) দিগন্ত জোড়া মাঠ খানা জ্বলিয়া পুরিয়া **<u>ফুটিফাটা</u>** হয়ে আছে ।
(ঈ) **<u>পিতা মাতা</u>** হচ্ছেন জগতের শ্রেষ্ঠ শ্রদ্ধার পাত্র।
(উ) **যথাবিধি** অনুষ্ঠানটি সম্পন্ন হল ।
(ঊ) **<u>দুর্ভিক্ষের</u>** আগুনে জ্বলছে গোটা দেশ।

## খ-বিভাগ

**৩। <u>পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ</u>।** **১X৫=৫**

অ) "তপন শুধু ওর ভর্তি হওয়ার দিনের অভিজ্ঞতা আর অনুভূতির বিষয় নিয়ে গল্প লিখেছে এটা খুব ভালো ।"--ছোট মেসো এটাকে খুব ভালো বলেছেন কারন -----

(a) এটা নতুন লেখকদের লক্ষণ। (b) এটা পাকা লেখকদের লক্ষণ ।
(c) এটা ছোট মেসোর বয়সী লেখকদের লক্ষণ (d) এটা তপনের বয়সী লেখকদের লক্ষণ ।

আ) মন্তব্য: আলোবাবুর চেহারা নামের উপযুক্ত নয়।
কারণ (ক):তাঁর গায়ের রং কুচকুচে কালো।
কারণ (খ): তাঁর পরনের থান ধবধবে সাদা।
কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

(a) কারণ (ক) ও (খ)-দুটোই ঠিক (b) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(c) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক (d) কারণ (ক) ও (খ)-দুটোই ভুল

ই) আহত পাখিটিকে পুষবেন কিনা জানতে চাইলে আলোবাবু লেখককে কী জানিয়েছিলেন?

(a) সামর্থ্য ও ইচ্ছে দুটোই একটু একটু আছে
(b) সামর্থ্য সামান্য আছে কিন্তু ইচ্ছে একটুও নেই
(c) ইচ্ছে বা সামর্থ্য কোনোটাই নেই
(d) ইচ্ছে আছে অনেক, কিন্তু সামর্থ্য নেই একটুও

ঈ) 'রত্নের মূল্য জহুরির কাছে।'-পাঠ্য গল্পে 'জহুরি' কে?

(a) একজন রত্ন ব্যবসায়ী (b) 'সন্ধ্যাতারা' পত্রিকায় সম্পাদক
(c) তপনের ছোটো মাসি (d) তপনের নতুন মেসো

উ) সমাজের সঙ্গে খাপ খাইতে না পারায় আলোবাবুর শেষ পর্যন্ত কোথায় ঠাঁই হয়েছিল?

(a) নিজের গ্রামের বাড়িতে (b) পাগলা গারদে
(c) চিকিৎসা কেন্দ্রে (d) অভিনাশবাবুর বাড়িতে

**৪।** "এ বিষয়ে সন্দেহ ছিল তপনের"- কোন্ বিষয়ের কথা বলা হয়েছে? **২**

**৫।** "মাসখানেক পরেই কিন্ত চাকুরিটি গেল তার"-কার সম্পর্কে বলা হয়েছে? চাকুরি যাওয়ার কারন কী? **৩**

**৬।** অ)"তপন কৃতার্থ হয়ে বসে দিন গোনে"-তপন কে এবং কি কারণে দিন গোণ ছিল? তার দিন গোনার পরিনাম কি হয়? **(২+৩)=৫**

**অথবা,**

আ)"স্নেহের কাঙ্গাল বেচারা!
জীবনে কিন্তু ভালবাসার সুযোগ পাচ্ছে না কোথাও"-কার সম্পর্কে এ মন্তব্য করা হয়েছে? অংশটির অর্থ বুঝিয়ে লিখ?

**৭। <u>প্রসঙ্গ ব্যাখ্যা কর</u>।** **৫**

অ) গান দাঁড়াল ঋষিবালক
মাথায় গোঁজা ময়ূরপালক

**অথবা**

আ)"মাথায় কত শকুন বা চিল
আমার শুধু একটা কোকিল
গান বাঁধবে সহস্র উপায়ে।"

**৮।** অ)"অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো পায়ে
আমি এখন হাজার হাতে পায়ে
এগিয়ে আসি, উঠে দাঁড়াই
হাত নাড়িয়ে বুলেট তাড়াই
গানের বর্ম আজ পরেছি গায়ে।"

কবি কোথায় কেন অস্ত্র রাখা ও ফেলার কথা বলেছেন? গানের বর্ম' পরার তাৎপর্য কী?

**অথবা** **(২+৩)=৫**

আ)"গান তো জানি একটা দুটো
আঁকড়ে ধরে সে-খড়কুটো।"- মূল কাব্যগ্রন্থের নাম কী? কবি গানকে খড়কুটোর মতো আঁকড়ে ধরে থাকতে চান কেন ?

## <u>গ-বিভাগ</u>

**৯। <u>সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ। (যে কোনো পাঁচটি)</u>।** **১X৫=৫**

অ)কথকের বাড়িতে এসে রহমত কি দেখতে চেয়েছিল?

(ক)কথকের সঙ্গে দেখা করতে (খ)খোঁকীর সঙ্গে দেখা করতে
(গ)পেস্তা বাদাম বিক্রি করতে (ঘ)সবকিছু ঠিকঠাক আছে কিনা

আ) 'আজ বাড়িতে কাজ আছে'-কী কাজ ছিল?

(ক) বউভাতের কাজ।  (খ) বিয়েবাড়ির কাজ।  (গ) অন্নপ্রাশনের কাজ।  (ঘ) অন্য যেকোন কাজ।

ই) কথক রহমতকে বাড়ি যাওয়ার জন্য কী দেয়?

(ক) একটি নতুন বই  (খ) একটি নতুন কাপড় (গ) একটি মিনির ছবি (ঘ) একখানি নোট

ঈ) মন্তব্য:- "ঈ) মন্তব্য: কাবুলিওয়ালা গল্পে রহমতকে শেষ পর্যন্ত জেলে যেতে হল"।

কারণ: (ক) রহমত চুরির দায়ে ধরা পড়েছিল।

কারণ :(খ) রহমত গল্পকথকের প্রতিবেশীকে ছুরিবিদ্ধ করেছিল।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক ?

(ক) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।  (খ) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।

(গ) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক।  (ঘ) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

উ) কাবুলিওয়ালা গল্প কথকের মেয়ের নাম কি)

(ক) রাবেরা  (খ) নুসরাত  (গ) মনে  (ঘ) মিনি

**১০।** অ)"আজিকার এই শুভদিনে এই লোকটা এখান হতে গেলেই ভালো হয়" ___এ লোকটি কে? শুভ দিন কিসের? লোকটি গেলে ভালো হয় কেন? **(২+৩)=৫**

**অথবা**

আ) " আমি আসিয়া মিনিকে তাহার আসন্ন বিপদ হইতে উদ্ধার করিয়া বাহিরে লইয়া গেলাম।"

কোন্ প্রসঙ্গে বক্তা কথাগুলো বলেছেন? মিনির কোন্ বিপদ থেকে বক্তা কীভাবে উদ্ধার করেছিলেন?

**১১।** অ) পড়াশোনার প্রবল চাপে হারিয়ে যাচ্ছে সুন্দর শৈশব। এ বিষয়ে তোমার নিজস্ব মতামত জানিয়ে আগরতলা থেকে প্রকাশিত 'দৈনিক সংবাদ' পত্রিকার সম্পাদককে একটি চিঠি লেখো। **৫**

**অথবা**

আ) রাস্তাঘাটে যানযট একটি নিত্য দিনের সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এ বিষয়ে তোমার নিজস্ব মতামত জানিয়ে পত্রিকার সম্পাদকের কাছে একটি পত্র লেখ।